

বিশ্ব সাহিত্য কেন্দ্র বই পড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী
দ্বিতীয় দিনে ১৯ স্কুলের ১২৩৮
প্রতিযোগী পুরস্কৃত

কাগজ প্রতিবেদক : কুদে বই পড়ার পড়া প্রতিযোগিতার মুহূর্তে করতালি ও মধুর কলকাকলীতে গভীরতা ও মুখের হিল চারুকলায় বকুলতলা প্রাঙ্গণ। বিভিন্ন শিক্ষালয় থেকে কুদে শিক্ষার্থীরা এসেছিল, মেতেছিল প্রাণের উত্তাপে। বৃকে জড়িয়ে পুরস্কারের বই- তাজা হেসেছে, আনন্দে ঝাপিয়ে পড়েছে মা-বাবার কোলে। উচ্চস্বাসে জাগতে ধরেছে বন্ধু, সহপাঠী, স্বজনকে। তাদের চোখে ছিল স্বপ্ন, আগামীরা আলোকিত মানুষ হওয়ার দৃঢ় প্রত্যয়। পুরস্কারই মুখ্য নয়, কোমলমতি এসব কুদে পড়ুয়ারাই একদিন দীপাঙ্কিত করবে নিজের জীবনকে, স্বদেশকে।

বিশ্বসাহিত্য কেন্দ্রের তিনদিনব্যাপী ঢাকা মহানগরীর বইপড়া কর্মসূচির পুরস্কার বিতরণী উৎসবের পতকাল শনিবার ছিল দ্বিতীয় দিন। বিকাল ৩টা থেকে সন্ধ্যা অবধি সুশোভিত মঞ্চে আয়োজন করা হয় পুরস্কার প্রদান অনুষ্ঠান। অভিভূতের বক্তব্যের পর রাজধানীর ১৯ স্কুলের ১ হাজার ২৩৮ কুদে প্রতিযোগীদের পুরস্কৃত করা হয়। এর মধ্যে বিশ্বসাহিত্য কেন্দ্র পুরস্কার পায় ১৬১ জন প্রতিযোগী, অভিনন্দন পুরস্কার ৪০১ জন, তত্ত্বাধী পুরস্কার ৩২৬ জন এবং স্বাগত পুরস্কার ৩৩৬ জন। এছাড়াও অতিরিক্ত ৯টি পুরস্কার এবং বই পড়ায় শিক্ষার্থীদের অনুপ্রাণিত করার সর্বশ্রেষ্ঠ অভিভাবকদেরও পুরস্কার দেওয়া হয়।

এর মধ্যে যে সমস্ত প্রতিযোগী ১৬টি বইপড়ার প্রতিযোগিতায় অংশ নেয় তাদের দেওয়া হয় বিশ্বসাহিত্য কেন্দ্র পুরস্কার, ১৩টি বই পড়ার প্রতিযোগীরা পায় অভিনন্দন পুরস্কার এবং ১০টি ও ৭টি বইপড়ার প্রতিযোগীদের যথাক্রমে তত্ত্বাধী ও স্বাগত পুরস্কার দেওয়া হয়।

বিশ্বসাহিত্য কেন্দ্রের পতকালের ঐ পুরস্কার বিতরণী উৎসবে সর্বোচ্চ পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের প্রতিষ্ঠানগুলো হলো যথাক্রমে- অম্বাণী গার্লস স্কুল ও কলেজ, বাংলাদেশ ব্যাংক আদর্শ উচ্চ বিদ্যালয়, বিএন স্কুল এন্ড কলেজ, বিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, কামরুন নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, উদয়ন মাধ্যমিক উচ্চ বিদ্যালয়, মানিকগাঁও আদর্শ বিদ্যালয়কেতন, আনন্দলোক উচ্চ বিদ্যালয়, মিরপুর বাংলা বালিকা উচ্চ বিদ্যালয়, রামপুরা একরামুলেছা বালিকা উচ্চ বিদ্যালয়, মাতুয়াইল বালিকা উচ্চ বিদ্যালয়, মগবাজার বালিকা উচ্চ বিদ্যালয়, কমলাপুর স্কুল এন্ড কলেজ, সিলভারডেল প্রিপারেটরি এন্ড গার্লস হাইস্কুল, জারিনা সিকদার বালিকা উচ্চ বিদ্যালয়, বিদ্যাং উনুয়ন বোর্ড হাইস্কুল, প্রভাতী বিদ্যালয়কেতন, শহীদ আবু তাঈব উচ্চ বিদ্যালয় ও দালমাটিয়া গার্লস স্কুল।